

১০ বছর পর নিরক্ষর পাওয়া যাবে না পরিকল্পনামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

আপামী দশ বছর পরে বাংলাদেশে কোন কৃষক, নিরক্ষর ব্যক্তি পাওয়া যাবে না বলে মন্তব্য করেছেন পরিকল্পনামন্ত্রী আহম মুস্তফা কামাল। তিনি বলেন, তখন কৃষক-টেক্সটাইল ড্রাইভারসহ সবাই অক্ষরজ্ঞানসম্পন্ন হবেন। তিনি আরও বলেন, চল্লিশ বছর আগে দেশের মোট জনগোষ্ঠীর মাত্র সাতেরো ভাগ অক্ষরজ্ঞানসম্পন্ন ছিল, আজ তা বেড়ে দাঁড়িয়েছে ৬৭ ভাগে। গতকাল ঢাকা কমার্স কলেজের ২২৫ বছর পূর্তি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পরিকল্পনামন্ত্রী এ কথা বলেন। ঢাকা কমার্স কলেজের গভর্নিং বডির চেয়ারম্যান প্রফেসর ড. সফিক আহমেদ সিদ্দিকির সভাপতিত্বে সরকারের সাবেক সচিব এএফএম সারওয়ার কামাল, কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আবু সাইদ, কলেজের প্রতিষ্ঠাতা প্রফেসর কাজী মো. নূরুল ইসলাম ফারুকী, গভর্নিং বডির সদস্য মো. আবু সাঈদসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। পরিকল্পনামন্ত্রী বলেন, শিক্ষাক্ষেত্রে আমাদের প্রাথমিক লক্ষ্য ছিল সবাইকে বিদ্যালয়ে নিয়ে আসা। এ কাজটি আমরা সফলভাবেই সম্পন্ন করেছি। এখন যেটা আমাদের জন্য চ্যালেঞ্জ তা হলো করেপড়া শিক্ষার্থী রোধ করা এবং শিক্ষার মান বাড়ানো। বর্তমান সরকার সবাইকে সঙ্গে নিয়ে এদুটো কাজ যথাসাধ্য করে যাচ্ছে।